# Bangladesh Association of International Recruiting Agencies
# (BAIRA)


(ই-মেইল/হোয়াটসঅ্যাপ গ্রুপ যোগে প্রেরিত)

স্মারক নং: বায়রা/৩(৯)/২০২৬/৩৬৫

তারিখঃ ০৩ জ্যৈষ্ঠ ১৪৩৩
১৭ মে ২০২৬

**প্রাপক :**
**সম্মানিত সদস্য (সকল)**
বায়রা।

**বিষয়ঃ কম্বোডিয়ায় E type (Business) ভিসায় কর্মী নিয়োগে বহির্গমন ছাড়পত্র প্রদান সংক্রান্ত।**

সূত্র: ১. মন্ত্রণালয়ের স্মারক নং-৪৯.০০.০০০০.০৪৩.১১.০৩৪.২২.৫৩৫, তারিখ: ১৪ আগষ্ট ২০২৩ খ্রি. (সংযুক্তি)
২. বিএমইটি এর পত্রের স্মারক নং- ৪৯.০১.০০০০.০৪০.১৮.০২২.১৫.৬৭৪, তারিখ: ১৭ মে ২০২৬ খ্রি. (সংযুক্ত)

মহোদয়,
আস্-সালামু আলাইকুম ওয়ারাহমাতুল্লাহ্।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, কম্বোডিয়ায় E type (Business) ভিসায় কর্মী নিয়োগে বহির্গমন ছাড়পত্র প্রদান সংক্রান্ত প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় এর শর্তাবলি এবং জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো এর পত্রের কপি সদয় অবগতি ও কার্যার্থে এতদ্সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ০৩ পৃষ্ঠা বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত

**(মোঃ নজরুল ইসলাম)**
সচিব

**অনুলিপিঃ**

১। সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা (দৃ:আ: সিনিয়র সহকারী সচিব, কর্মসংস্থান শাখা-০১)।
২। মহাপরিচালক, জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি), কাকরাইল, ঢাকা (দৃ:আ: সিনিয়র সহকারী সচিব ও উপপরিচালক (বহির্গমন), বহির্গমন অধিশাখা)।
৩। প্রশাসক, বায়রা, ঢাকা।
৪। নোটিশ বোর্ড (বায়রা, ডাটাবেজ ও BISTI)/ওয়েবসাইট (www.baira.org.bd)।
৫। অফিস কপি/সংশ্লিষ্ট নথি।


**BAIRA BHABAN:** 130, New Eskaton Road, Dhaka-1000, Bangladesh. Tel: +88-02-41032136-38, Fax: +88-02-41032144
E-mail: baira1984@gmail.com, info@baira.org.bd, Web: www.baira.org.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২ কাকরাইল, ঢাকা
বহির্গমন অধিশাখা
www.bmet.gov.bd

| বায়রা সচিবালয়, ঢাকা | | |
|---|---|---|
| সম্মানিত প্রশাসক .................... | | সচিব |
| ম্যানেজার/ওএস/এসও/এও/ আইটিও/.................. | | |
| রিসেপশনিষ্ট | | |
| ডকেট/ডায়েরী নং | ৪৬৪ | |
| তারিখ ও সময় | 17/5/26 | |

স্মারক নং: ৪৯.০১.০০০০.০৪০.১৮.০২২.১৫- ৬৭৪

তারিখ: ০৩ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ
১৭ মে, ২০২৬ খ্রিস্টাব্দ

বিষয়: কম্বোডিয়ায় E type (Business) ভিসায় কর্মী নিয়োগে যহির্গমন ছাড়পত্র প্রদান সংক্রান্ত।

সূত্র: প্রকবৈকম এর স্মারক নম্বর: ৪৯.০০.০০০০.০৪৩.১১.০৩৪.২২-৫৩৫;তারিখ: ১৪/০৮/২০২৩খ্রি.।

উপর্যুক্ত বিষয় পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোস্থ পত্রে উল্লিখিত শর্তসমূহ প্রতিপালন সাপেক্ষে কম্বোডিয়ায় E type (Buseness) ভিসায় কর্মী নিয়োগে বহির্গমন ছাড়পত্র প্রদানের জন্য নির্দেশনা প্রদান করেছে (কপি সংযুক্ত) ।

০২। বর্ণিতাবস্থায়, বিবেচ্যপত্রে শর্তসমূহ প্রতিপালন সাপেক্ষে কম্বোডিয়ায় E type (Buseness) ভিসায় কর্মী নিয়োগে বহির্গমন ছাড়পত্রের জন্য বিএমইটি'র অনলাইন প্ল্যাটফর্মে আবেদন করার নিমিত্ত অনুমোদিত সকল রিক্রুটিং এজেন্সিকে অবগত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০১ (এক) পাতা।

17.05.26

(সৈয়দ শামসুল তাবরীজ)
সিনিয়র সহকারী সচিব
উপপরিচালক (বহির্গমন)
বহির্গমন অধিশাখা, বিএমইটি, ঢাকা।
ই-মেইল: ddemi1@bmet.gov.bd

প্রশাসক
বাংলাদেশ এসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সীজ (বায়রা)
বায়রা ভবন, ১৩০ নিউ ইস্কাটন রোড, ঢাকা-১০০০।
ই-মেইল: baira1984@gmail.com, info@baira.org.bd

দৃষ্টি আকর্ষণ: অফিস সেক্রেটারী, বায়রা।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

১। পরিচালক (বহির্গমন), বিএমইটি, ঢাকা।
২। মহাপরিচালক এর ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৩। অতিরিক্ত মহাপরিচালক (কর্মসংস্থান) এর ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪। অফিস কপি-২০২৬।

D/Letter

CamScanner

২১/৮/২৩
২২৩৮

২০১৮/২১০
১৬২৮

ADG(ES)

(E)

(একই তারিখ ও স্মারকের স্থলাভিষিক্ত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, নিউ ইস্কাটন গার্ডেন,
ঢাকা।
কর্মসংস্থান শাখা-০১
www.probashi.gov.bd

...ভালো, রাখব ভালো দেশ
"...প্রবাসী আয়-গড়ব বাংলাদেশ"

তারিখ: ১৪-০৮-২০২৩ খ্রি:

স্মারক নং-৪৯.০০.০০০০.০৪৩.১১.০৩৪.২২-৫৩৫

বিষয়: কম্বোডিয়ায় E type (Business) ভিসায় কর্মী নিয়োগে বহির্গমন ছাড়পত্র প্রদান প্রসঙ্গে।

তারিখ: ৩১-০৭-২০২৩খ্রিঃ।

সূত্র: (ক) বিএমইটির পত্র নং-৪৯.০১.০০০০.০৪১.৩১.১৪৫৬.২৩.৭০২, তারিখ
(খ) বাংলাদেশ দূতাবাস, থাইল্যান্ড এর পত্র নং-১৯.০১.৬৬০১.৯১৭.০০.০৮৮.২০-৪২২; তারিখ:
(গ) বাংলাদেশ দূতাবাস, থাইল্যান্ড এর পত্র নং-১৯.০১.৬৬০১.৯১৭.০০.০৮৮.২০-৪৩২; তারিখ:

পরিচালক (বহির্গমন) মহোদয়ের দপ্তর 22.8.23
☐SSO
☐DD(E-1) ডায়েরী নম্বর ২০৯০
☐DD(E-2)
☐DD(E-3)
☐AD(E-1) 22.8.23
☐AD(E-2)
☐AD(E-3)
☐PA-

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রসমূহের পরিপ্রেক্ষিতে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএ... E type (Visa) ভি...
ব্যাংকক (শ্রম কল্যাণ উইং), থাইল্যান্ড কম্বোডিয়া হতে প্রাপ্ত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে
কর্মী নিয়োগে নিম্নোক্ত শর্তাবলির আওতায় বহির্গমন ছাড়পত্র প্রদান করা যেতে পারে:

শর্তাবলি:

(ক) বহির্গমনের ০৩ (তিন) মাসের মধ্যে সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সি কর্মীদের Work Permit BMET বরাবরে দাখিল
করবে;
(খ) বাংলাদেশ থেকে কম্বোডিয়া কর্মী প্রেরণের ক্ষেত্রে রিক্রুটিং এজেন্সিকে অবশ্যই বাংলাদেশ এবং কম্বোডিয়া উভয় দেশের বিধিবদ্ধ
আইন, বিধি বিধান অনুসরণ করতে হবে;
(গ) বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী আইন ২০১৩ এর ১৯ (৩) ধারা অনুযায়ী রিক্রুটিং এজেন্সিকে বিএমইটি'র চলমান ডাটাবেজ
থেকে কর্মী নির্বাচন করতে হবে। এক্ষেত্রে বিএমইটি কর্তৃক জারিকৃত Process Flow Chart অনুসরণ করতে হবে;
(ঘ) কর্মী কম্বোডিয়ায় পৌঁছার পর রিক্রুটিং এজেন্সি অত্র মন্ত্রণালয়, বিএমইটি এবং 'বাংলাদেশ দূতাবাস, ব্যাংকক (শ্রম কল্যাণ উইং),
থাইল্যান্ড বরাবরে প্রতিবেদন দাখিল করবে;
(ঙ) বহির্গমন ছাড়পত্রের পূর্বে নির্বাচিত প্রত্যেক কর্মীর সাথে নিয়োগ চুক্তি স্বাক্ষর করতে হবে। বিষয়টি রিক্রুটিং এজেন্সি নিশ্চিত
করবে;
(চ) বহির্গমন ছাড়পত্র প্রদানের পূর্বে বিএমইটিতে চাহিদাপত্র/ক্ষমতাপত্র ও দক্ষতা সনদসহ অন্যান্য মূল কাগজপত্র দাখিল করতে হবে।
বিএমইটি প্রাসঙ্গিক তথ্যাদি ও কাগজপত্র যাচাইপূর্বক ছাড়পত্র (Emigration Clearance Card বা Smart Card) প্রদান করবে;
(ছ) কর্মী নিয়োগ চুক্তি পত্রের বাংলায় অনুবাদকৃত কপি বিএমইটি কর্তৃক সত্যায়ন করে প্রত্যেক কর্মীকে প্রদান নিশ্চিত করতে হবে;
(জ) কম্বোডিয়া গমনের সকল ব্যয় (লেভি, বিমানভাড়া ইত্যাদি) সংশ্লিষ্ট নিয়োগকারী বহন করবেন। কর্মীর ভিসা এবং ফ্লাইট নিশ্চিত
হওয়া সাপেক্ষে রিক্রুটিং এজেন্সি কর্তৃক অভিবাসন ব্যয়বাবদ নির্ধারিত অর্থ চেক/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে গ্রহণ করতে
পারবেন যার প্রমাণপত্র মহাপরিচালক, বিএমইটি বরাবর উপস্থাপন করতে হবে;
(ঝ) চুক্তিপত্রের কোন শর্ত লঙ্ঘন হবে না, অনুমোদিত কর্মীরা উক্ত কোম্পানিতে অবশ্যই চাকুরী পাবেন এবং প্রত্যেক কর্মীকে
প্রতিশ্রুত বেতন-ভাতা, আবাসন ও অন্যান্য সুযোগ-সুবিধা দেয়া হবে এবং কোন ধরণের অনাকাংক্ষিত ঘটনা ঘটলে সংশ্লিষ্ট
রিক্রুটিংএজেন্সিকে কর্মীর থাকা খাওয়ার খরচ ও প্রত্যাবর্তন ব্যয়সহ কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত ক্ষতিপূরণ প্রদানে বাধ্য থাকবে মর্মে
৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল করতে হবে;
(ঞ) কর্মীদের চাকুরির শর্তাবলী কম্বোডিয়ার শ্রম আইনের বিধানের সাথে সঙ্গতিপূর্ণ হতে হবে;
(ট) কম্বোডিয়ায় কর্মে নিয়োজিত হওয়ার পর E type (Business) ভিসা Extension এবং কর্মীদের নিয়মিত বেতন প্রাপ্তির
প্রতিবেদন BMET ও বাংলাদেশ দূতাবাস, ব্যাংকক (শ্রম কল্যাণ উইং), থাইল্যান্ড বরাবরে দাখিল করতে হবে;
(ঠ) এ নিয়োগ সম্পন্ন করে রিক্রুটিং এজেন্সি ১৪ দিনের মধ্যে অত্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;
(ড) প্রতি ফ্লাইটে রিক্রুটিং এজেন্সির একজন প্রতিনিধি কর্মীদের সাথে কম্বোডিয়া যাবেন অথবা বিমান বন্দরে কর্মীদের গ্রহণ করার
জন্য একজন প্রতিনিধি আবশ্যিকভাবে উপস্থিত থাকবেন;

CamScanner
CamScanner

(ঢ) নির্দেশনা অনুসারে কর্মীদের স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করতে হবে। কোভিড-১৯ এর বিদ্যমান পরিস্থিতিতে নির্ধারিত সময়সীমা অনুসরন করে যথাযথ প্রক্রিয়ায় কর্মীদের কোভিড টেষ্ট নিশ্চিতকরণ এবং স্বাস্থ্য বিধি সংক্রান্ত আনুষাঙ্গিক নিয়ম কানুন প্রতিপালন করতে হবে;

(ণ) কর্মীর ফ্লাইট নিশ্চিত হওয়ার পর সংশ্লিষ্ট রিক্রুটিং এজেন্সি কর্তৃক ফ্লাইট সিডিউল ও কর্মীর তালিকা এবং বাংলাদেশ দূতাবাস, ব্যাংকক (শ্রম কল্যাণ উইং), থাইল্যান্ড এবং বিএমইটিতে দাখিল করতে হবে;

(ত) রিক্রুটিং এজেন্সির বিরুদ্ধে কোন অভিযোগ নেই এবং ইতিপূর্বে প্রেরিত কর্মীদের কর্মসংস্থান বিষয়ে নিশ্চিত হয়ে বহির্গমন ছাড়পত্র প্রদান করতে হবে; এবং

(থ) কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগানুমতি বাতিল বা সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

(শিমুল কুমার সাহা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৪১০৩০২৪৩
ই-মেইল-dsemployment1@probashi.gov.bd

মহাপরিচালক
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো
৮৯/২ কাকরাইল, ঢাকা-১০০০।

স্মারক নং-৪৯.০০.০০০০.০৪৩.১১.০৩৪.২২-

তারিখ: ১৪-০৮-২০২৩ খ্রি:

<u>অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে:</u>

০১। মাননীয় মন্ত্রীর মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৩। কাউন্সেলর (শ্রম), বাংলাদেশ দূতাবাস ব্যাংকক, থাইল্যান্ড।
০৪। অতিরিক্ত সচিব (কর্মসংস্থান অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
০৫। অফিস কপি।

(শিমুল কুমার সাহা)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৪১০৩০২৪৩
ই-মেইল-dsemployment1@probashi.gov.bd

CamScanner

CamScanner